দৈনিক জনকণ্ঠ

তারিখ 21 MAR 2016
পৃষ্ঠা ৩ কলাম 2

# তিন বছর পূর্তিতে জবি ভিসিকে শুভেচ্ছা

**জবি সংবাদদাতা ॥** জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) উপাচার্য হিসেবে অধ্যাপক ড. মীজানুর রহমানের তিন বছর পূর্তি উপলক্ষে তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানিয়েছে জবি শিক্ষক সমিতি, নীলদল, কর্মকর্তা সমিতি, কর্মচারী সমিতি, সহায়ক কর্মচারী সমিতি, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতিসহ বিভিন্ন বিভাগ ও দফতর।

এসময় তিনি উপাচার্য হিসেবে বিগত তিন বছরে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন ও অগ্রযাত্রার সংক্ষিপ্ত পরিচিতিমূলক বিশেষ বার্তার মোড়ক উন্মোচন করেন। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অধ্যাপক, বিশিষ্ট শিক্ষাবিদ, লেখক অধ্যাপক ড. মীজানুর রহমান ২০১৩ সালের ২০ মার্চ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চতুর্থ উপাচার্য হিসেবে যোগদান করেন।